গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

পরিচালকের দপ্তর
উইং, বিবিএস, ঢাকা
মুখ্য পরিচালক
উপপরিচালক (প্রশাঃ)
সিঃ সিঃ এনালিস্ট (ওয়েব পোর্টাল)
সিঃ এনালিস্ট (জিওকোড)
সিঃ প্রোগ্রামার (মাইক্রোডাটা)
সিঃ ম্যে ইঞ্জিঃ (সেন্ট্রালাইজড)
প্রোগ্রামার ডাটা প্রসেসিং
সহঃ পরিচালক
* জরুরি উপস্থাপন করুন
* ..... তারিখের মধ্যে উপস্থাপন করুন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* আলোচনা করুন
* অবহিত করুন
২৭ আষাঢ় ১৪৩০
২০ জুন ২০২৩
পরিচালক

নং- ৫২.০১.০০০০.৪০৯.৫২.৩৮৮.২৩.৩২৩২

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩০
২৭ জুন ২০২৩

বিষয়ঃ আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর সংগৃহীত তথ্যের গুণগত মান নিশ্চিতে তথ্যসংগ্রহকারীদের নিকট ট্যাব সংরক্ষণ ও তথ্য সংশোধন/ সংযোজন/ পরিমার্জন করে সার্ভারে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর তথ্যসংগ্রহ কার্যক্রম ২২ জুন ২০২৩ তারিখ পর্যন্ত পরিচালনা করা যাবে মর্মে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। সংগৃহীত তথ্যের সঠিকতা ও গুণগত মান নিশ্চিতকরণে জেলা ও উপজেলা সুপারভাইজিং কর্মকর্তার পাশাপাশি সদর দপ্তরে কর্মরত সুপারভাইজিং অফিসার (কোডিং, এডিটিং এবং ডাটা ভ্যালিডেশন) ও তথ্যসংগ্রহকারীগণ (কোডিং এন্ড এডিটিং) সংগৃহীত তথ্য ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষণ করছেন এবং কোনো অসমঞ্জস্যতা পাওয়া গেলে তা সংশ্লিষ্ট তথ্যসংগ্রহকারীদের নিকট সংশোধনের জন্য ফিডব্যাক দিয়ে ফেরত পাঠাচ্ছেন।

০২। সংগৃহীত তথ্যের ব্যাপকতা অনেক বড় হওয়ায়, তা সঠিকভাবে পরীক্ষা করা ও ফিডব্যাকের পরিপ্রেক্ষিতে খানার তথ্য সংশোধন/ সংযোজন/ পরিমার্জন করার জন্য আরও অধিক সময় প্রয়োজন হতে পারে। যেহেতু তথ্যসংগ্রহকারীগণকেই সংগৃহীত তথ্যের অসামঞ্জস্যতা CAPI Application এর মাধ্যমে সংশোধন করতে হবে, সেহেতু ২২ জুন ২০২৩ তারিখে তথ্য সংগ্রহের কাজ শেষ হলেও, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংশ্লিষ্ট তথ্যসংগ্রহকারীর ট্যাব তাঁর নিকটই যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং ওয়েব অ্যাপ্লিকেশনের ফিডব্যাকের পরিপ্রেক্ষিতে ৩১ জুলাই ২০২৩ সময়ের মধ্যেই তথ্য সংশোধন/ সংযোজন/ পরিমার্জন করে সার্ভারে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, বর্ণিত সময়ে ট্যাবের ইন্টারনেটের ডাটা তথ্য সংশোধন ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না।

০৩। এমতাবস্থায়, আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর সংগৃহীত তথ্যের সঠিকতা ও গুণগত মান নিশ্চিতকরণে সদর দপ্তরের তথ্যসংগ্রহকারীগণের (কোডিং এন্ড এডিটিং) ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে প্রেরিত ফিডব্যাকের পরিপ্রেক্ষিতে খানার তথ্য সংশোধন/ সংযোজন/ পরিমার্জন করার সুবিধার্থে ট্যাবসমূহ জমা না নিয়ে তথ্যসংগ্রহকারীদের নিকট ৩১ জুলাই ২০২৩ পর্যন্ত যথাযথভাবে সংরক্ষণ এবং ফিডব্যাকের পরিপ্রেক্ষিতে যথাযথভাবে তথ্য সংশোধন করে সার্ভারে প্রেরণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরি।

মোঃ মতিয়ার রহমান
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ফোন: ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় সুপারভাইজিং কর্মকর্তা (সকল), ... বিভাগ।
০২। জেলা সুপারভাইজিং কর্মকর্তা (সকল), ... জেলা।
০৩। উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা (সকল), ... উপজেলা, ... জেলা।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০২। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), ... উইং/ প্রকল্প, বিবিএস, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বিবিএস, ঢাকা
০৪। উপপ্রকল্প পরিচালক (প্রশাসন/ফিল্ড অপারেশন/অর্থ), জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বিবিএস, ঢাকা
০৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩
০৫। অফিস কপি।